গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা

বিষয়: পানি সম্পদ মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২৬ জানুয়ারি ২০২১খ্রি.
সভার সময়	বেলা ১২.০০ টায়
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

২। সভাপতি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়:

ক্র. ন.	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪	৫
০১.	গত সমন্বয় সভার কার্যবিবরণী অনুমোদন।	গত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন সংক্রান্ত বিবরণীতে শাখা, অধিশাখা কিংবা সংস্থাসমূহের কোন সংশোধনী বা দ্বিমত আছে কি না তা উপস্থাপনের জন্য অনুরোধ করা হলে কোন সংশোধনীর প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।	গত সভার কার্যবিবরণী গৃহীত করা হ'ল।	প্রশাসন-০২ শাখা, পাসম।
০২.	Time bound প্রতিবেদন প্রেরণ।	মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি ও প্রধানমন্ত্রীর দপ্তরসহ অন্যান্য মাসিক, ত্রৈমাসিক ও Time bound বিভিন্ন প্রতিবেদন ও তথ্য মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগসহ অন্যান্য মন্ত্রণালয়ে যথাসময়ে প্রেরণ করা হচ্ছে। এ বিষয়ে সভাপতি মহোদয় যথাসময়ে সকল প্রতিবেদন প্রেরণের জন্য সকলকে নির্দেশনা প্রদান করেন।	Time bound অনুযায়ী বিভিন্ন প্রতিবেদন ও তথ্য যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	প্রশাসন-০২ শাখা, পাসম।

০৩.	মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোচনা।	এ বিষয়ে উপসচিব (উন্নয়ন-০২ শাখা) সভাকে অবহিত করেন, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত প্রকল্পের সংখ্যা মোট ৫১টি। এর মধ্যে সমাপ্ত প্রকল্পের সংখ্যা ৩০টি, চলমান প্রকল্পের সংখ্যা ১৩টি এবং অন্যান্য প্রকল্পের মধ্যে সমীক্ষার আলোকে প্রণয়নতব্য ডিপিপি ০৩টি ও ০৫টি প্রকল্পের ডিপিপি প্রক্রিয়াধীন আছে। প্রণয়নতব্য ০৩টি প্রকল্পের মধ্যে ০১টি প্রকল্প নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়ন করায় প্রকল্পটি পানি সম্পদ মন্ত্রণালয় এর প্রতিশ্রুতি তালিকা হতে বাদ দেয়ার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়কে পত্র প্রেরণ করা হয়েছে। তিনি আরো জানান, প্রক্রিয়াধীন ০৫ টি ডিপিপির মধ্যে ০২টি প্রকল্প মাসিক অগ্রগতি প্রতিবেদন তালিকায় চলমান প্রকল্প হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। অবশিষ্ট ০৩টি প্রকল্পের ডিপিপি বাপাউবো দ্রুত প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।	(ক) প্রকল্পসমূহ যথাসময়ে বাস্তবায়নে বাপাউবো এবং মন্ত্রণালয়ের পরিকল্পনা উইং যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। (খ) প্রক্রিয়াধীন ০৩টি প্রকল্পের ডিপিপি প্রস্তুতপূর্বক দ্রুত মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।	উন্নয়ন-০২ শাখা, পরিকল্পনা উইং, পাসম ও বাপাউবো।
০৪.	বার্ষিক কার্য সম্পাদন চুক্তি।	যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, ২০২০-২০২১ অর্থ বছরের অর্ধবার্ষিক প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে।	২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী কার্য সম্পাদন করতে হবে।	প্রোগ্রামার, পাসম ও সংশ্লিষ্ট সংস্থা।
০৫.	মন্ত্রণালয় ও সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণ, ই-ফাইলিং চালুকরণ, ভিডিও কনফারেন্সের ব্যবস্থা গ্রহণ।	মন্ত্রণালয়ের সকল শাখা, অধিশাখায় ই-নথি কার্যক্রম চলমান রয়েছে। এটুআই কর্তৃক ই-নথি সিস্টেম আপগ্রেডেশন এবং সার্ভার পরিবর্তনের কাজ চলমান থাকায় ই-নথি কার্যক্রমে বিঘ্ন ঘটছে। আগামী জানুয়ারি ২০২১ মাসে ই-নথি সিস্টেম ঠিক হবে বলে এটুআই কর্তৃক মৌখিকভাবে জানানো হয়েছে। ই-নথি সিস্টেমের নতুন ভার্সন চালু না হওয়া পর্যন্ত সংস্থাসমূহের নতুন দপ্তর সমূহকে ই-নথি সিস্টেমে অন্তর্ভূক্ত করছে না এটুআই কর্তৃপক্ষ। মন্ত্রিপরিষদ বিভাগ হতে যে নির্দেশনা দেয়া হয়েছে সে মোতাবেক মন্ত্রণালয় এবং সংস্থাসমূহের ওয়েবসাইটে সেবাবক্সগুলো হালনাগাদ করা হয়েছে। এছাড়া, মন্ত্রণালয়ের ওয়েবসাইটে কর্মকর্তাগণের অথ্যসহ অন্যান্য তথ্যসমূহ হালনাগাদ রয়েছে।	(ক) সকল শাখা, অধিশাখা এবং সংস্থাসমূহের নথিসমূহের কার্যক্রম ই-নথিতে সম্পাদন করতে হবে। ই-নথির পাশাপাশি গুরুত্বপূর্ণ নথিসমূহ হার্ড নথিতেও সম্পাদন করতে হবে। (খ) জনাব তানিয়া ফেরদৌস, সিনিয়র সহকারী সচিব সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণের বিষয়টি মনিটরিং করবেন।	সকল সংস্থা প্রধান/ সকল অধিশাখা/ শাখা এবং আইসিটি শাখা, জনাব তানিয়া ফেরদৌস, সিনিয়র সহকারী সচিব পাসম।

০৬.	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহের শাখাওয়ারী অনিষ্পন্ন কার্যাবলি পর্যালোচনা।	মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহের শাখাওয়ারী অনিষ্পন্ন কার্যাবলি নিয়ে যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, মন্ত্রণালয়ের শাখা, অধিশাখা ও সংস্থাসমূহের অনিষ্পন্ন কার্যাবলীর তালিকা পাওয়া গেছে। সংস্থাপ্রধানগণের ই-নথি ড্যাশ বোর্ডের উপর অর্ধদিবস ব্যাপী প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে এটুআই এর সাথে আলোচনা হয়েছে। ই-নথি সিস্টেমের বর্তমান ভার্সনে ড্যাস বোর্ড যথাযথভাবে কাজ না করায় নতুন ভার্সন আসার পর পরবর্তী ফেব্রুয়ারি ২০২১ মাসে প্রশিক্ষণটি আয়োজনের বিষয়ে পরামর্শ দিয়েছেন এটুআই।	(ক) মন্ত্রণালয়ের সকল অধিশাখা, শাখা ও সংস্থাসমূহের এ ধারা অব্যাহত রাখতে হবে। (খ) ই-নথির নতুন ভার্সন আসার পর সংস্থাপ্রধান গণের ই-নথি ড্যাশ বোর্ডের উপর অর্ধ দিবস ব্যাপী প্রশিক্ষণ এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	(ক) সকল অধিশাখা/ শাখা পাসম ও সকল সংস্থা। (খ) আইসিটি শাখা, পাসম।
০৭.	উন্নয়ন প্রকল্প পরিদর্শন।	যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, পানি সম্পদ মন্ত্রণালয়ের জেলা ভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের নিকট হতে ২৭টি প্রতিবেদন পাওয়া গেছে। বাকি জেলাসমূহের প্রতিবেদন পাওয়া যায়নি। এ বিষয়ে সিনিয়র সচিব মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। তিনি দ্রুত প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করেন।	জেলাভিত্তিক ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ যে সকল জেলা পরিদর্শন প্রতিবেদন দাখিল করেনি তারা দ্রুত পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিল করবেন।	সংশ্লিষ্ট কর্মকর্তা, পাসম।
০৮.	পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন বাপাউবো'র অব্যবহৃত জমিতে কর্মকর্তা ও কর্মচারিদের আবাসিক ভবন নির্মাণ।	এ বিষয়ে আলোচনার শুরুতে যুগ্মসচিব (উন্নয়ন-২) সভাকে অবহিত করেন যে, এ বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০৮/১২/২০২০ তারিখে ডিপিপি উপর যাচাই সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়: "আলোচ্য প্রস্তাবিত 'বাপাউবোর ঢাকাস্থ নিজস্ব কম্পাউন্ডে আবাসিক ভবনসহ অন্যান্য স্থাপনা নির্মাণ" শীর্ষক প্রকল্প এবং বাপাউবো কর্তৃক প্রস্তাবিত "বাপাউবো'র অব্যবহৃত জমিতে কর্মকর্তা/কর্মচারীদের জন্য আবাসিক ভবন নির্মাণ" শীর্ষক প্রকল্প দুইটি একত্রিত করে পুনর্গঠিত ডিপিপি বাপাউবো অতিসত্তর মন্ত্রণালয়ে প্রেরণ করবে।"	পুনর্গঠিত ডিপিপিটি আগামী ৭ কর্মদিবসের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	বাপাউবো।
০৯.	বাপাউবো'র জনবল কাঠামো ও বাপাউবো'কে অধিদপ্তরে রূপান্তর।	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডকে অধিদপ্তরে রূপান্তর এবং বাংলাদেশ সিভিল সার্ভিস (পানি সম্পদ) ক্যাডার সৃজনের উদ্দেশ্যে গত ২৯ নভেম্বর ২০২০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর জন্য সার-সংক্ষেপ প্রেরণ করা হয়। যা গত ১৩ জানুয়ারি ২০২১ তারিখের পত্রের মাধ্যমে ফেরত প্রদান করা হয়।	বিষয়টি আগামী সমন্বয় সভার এজেন্ডা থেকে বাদ দেয়া যেতে পারে।	প্রশাসন-১ শাখা, পাসম ও বাপাউবো

১০.	সংস্থাসমূহের মামলা সংক্রান্ত।	সভায় মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহের মামলাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সিনিয়র সচিব পটুয়াখালীতে বিচারাধীন দেওয়ানী মামলার (মামলা নম্বর-১৮৩/২০১৮) বিষয়ে বাপাউবোর উপপরিচালক এর নিকট জানতে চাইলে তিনি জানান, আগামী ২১/১/২০২১ তারিখ ডিফেক্স অব পার্টির জন্য শুনানী হবে। সরকারি সম্পত্তি রক্ষার্থে মামলাটি দ্রুত নিষ্পত্তির বিষয়ে অনুরোধ জানিয়েছে। এছাড়া, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মামলাসমূহের হালনাগাদ ডেটাবেজ প্রস্তুত এর বিষয়ে বাপাউবোর সিনিয়র সিস্টেম এনালিস্ট সভাকে অবহিত করেন, ডেটাবেজ সফটওয়্যার তৈরী করার জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য অর্থ মন্ত্রণালয়ে চাহিদা প্রেরণ করা হয়েছে। বাজেট পাওয়া গেলে ডেটাবেজ তৈরীর কার্যক্রম নেয়া হবে।	ক) মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং যে সকল ব্যক্তি বাপাউবো'র জায়গা দখল করে আছে তাঁদের উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) মামলাসমূহের পূর্ণাঙ্গ প্রতিবেদন (Break up) প্রদান করতে হবে। (গ) নগই ও হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঘ) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের মামলাসমূহের হালনাগাদ ডেটাবেজ প্রস্তুত করতে হবে। (ঙ) পটুয়াখালীতে বিচারাধীন দেওয়ানী মামলাটি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	মহাপরিচালক, বাপাউবো, নগই, বাহাজউঅ, আইন শাখা, পাসম।
১১.	অধিদপ্তর ও সংস্থাসমূহের অডিট আপত্তি নিষ্পত্তিকরণ।	এ প্রসঙ্গে যুগ্মসচিব (বাজেট ও অডিট) সভাকে অবহিত করেন, ডিসেম্বর ২০২০ মাসে ৭টি দ্বি-পক্ষীয়/ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় ১১৯টি অডিট আপত্তির মধ্যে ৯৫টি অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশ করা হয়েছে।	অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	সকল সংস্থা ও অডিট শাখা, পাসম।
১২.	মন্ত্রণালয়ের জনবল বৃদ্ধির জন্য পদ সৃষ্টি।	পানি সম্পদ মন্ত্রণালয়ের ১১টি পদের মধ্যে অর্থ বিভাগ ০৯টি পদ সৃজনের সম্মতি জ্ঞাপন করেছে। সে মোতাবেক শীঘ্রই সার-সংক্ষেপ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।	সার-সংক্ষেপ সচিব কমিটিতে উত্থাপনের জন্য দ্রুত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	প্রশাসন-০২ শাখা, পাসম
১৩.	বিবিধ বিষয়: (ক) করোনা ভাইরাস।	কোভিড-১৯ সংক্রমণের সম্ভাব্য দ্বিতীয় ধাপ মোকাবেলায় মন্ত্রিপরিষদ বিভাগ হতে জারীকৃত পত্র মোতাবেক পানি সম্পদ মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে যথাযথভাবে পালনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।	মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রেরিত পত্রের নির্দেশনা সমূহ পানি সম্পদ মন্ত্রণালয় এবং এর আওতাধীন সংস্থাসমূহে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারীগণ যথাযথভাবে পালন করতে হবে।	সকল সংস্থা ও প্রশাসন-০২ শাখা, পাসম।
	(খ) বাপাউবোর বিভাগীয় কার্যালয়সমূহে পানি সম্পদ পরিকল্পনা সংস্থার জন্য অস্থায়ী কক্ষ বরাদ্দ।	এ বিষয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সভায় অবহিত করেন।	পানি সম্পদ পরিকল্পনা সংস্থার জন্য রাজশাহী ও ময়মনসিংহে বাপাউবোর বিভাগীয় কার্যালয়ে অস্থায়ীভাবে ২/৩ কক্ষ প্রদানের বিষয়ে মহাপরিচালক, বাপাউবো, ব্যবস্থা গ্রহণ করবেন।	বাপাউবো ও ওয়ারপো।

	(গ) আইসিটি	আইসিটি এর উপর হালনাগাদ তথ্য প্রেরণের বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন, ই-নথি বিনস্ট করার জন্য প্রতিমাসে মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ তাদের অধিশাখা/শাখা নিয়মিত পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবেন।	মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ তাদের অধিশাখা/শাখা নিয়মিত পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করবেন।	সকল অধিশাখা/শাখা পাসম।
	(ঘ) ভূমিহীনদের মধ্যে ঘর বিতরণ।	মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী পানি সম্পদ মন্ত্রণালয় আওতাধীন বেড়ী বাঁধের খাস জমিতে গৃহ নির্মাণপূর্বক গৃহহীনদের মাঝে বিতরণের জন্য নির্বাহী প্রকৌশলীগণ জেলা প্রশাসকগণের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।	পানি সম্পদ মন্ত্রণালয়ের ৬৪ জেলায় বেড়ী বাঁধের খাস জমিতে গৃহ নির্মাণপূর্বক গৃহহীনদের মাঝে বিতরণের জন্য নির্বাহী প্রকৌশলীগণ জেলা প্রশাসকগণের সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।	মহাপরিচালক, বাপাউবো।

৩। সভাপতি সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.৩২.০৬.০৬৪.১৭.৫৭

তারিখ: ২৪ মাঘ ১৪২৭
০৭ ফেব্রুয়ারি ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) : সমন্বয় সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবদেন আগামী ১৬ ফেব্রুয়ারি ২০২১ তারিখের মধ্যে দাখিলের অনুরোধসহ

১) মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
২) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩) মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
৪) মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট
৫) অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৬) সদস্য, সদস্য এর দপ্তর, যৌথ নদী কমিশন, বাংলাদেশ
৭) ..... (সকল অধিশাখা/শাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) উপসচিব, রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) নির্বাহী প্রকৌশলী, চীফ মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১০) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১১) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন উইং, পানি সম্পদ মন্ত্রণালয়
১২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন, পানি সম্পদ মন্ত্রণালয়

এস. এম. সরওয়ার কামাল
সিনিয়র সহকারী সচিব